দৈনিক বাংলা

তারিখ 21 JAN 1989
পৃষ্ঠা 5 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

27

# জনমত

## কর্তৃপক্ষ সমীপে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ১৯৮৮ সালের বিএ (পাস) পরীক্ষায় আমরা ১৬ জন ছাত্রছাত্রী মানিকগঞ্জ জেলাধীন দরগ্রাম সরকারী ভি,এম কলেজ কেন্দ্র থেকে বহিরাগত পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করি। ১৭-১২-৮৮ ইং তারিখে সমাজ বিজ্ঞান প্রথম পত্রের পরীক্ষা দেওয়ার জন্য যথাসময়ে পরীক্ষা কেন্দ্রে যেয়ে জানত যে এই বিষয়ের প্রশ্নপত্র এখনও পাওয়া যায়নি। ফলে কলেজ কর্তৃপক্ষ আমাদের ১৬ জন সমাজ বিজ্ঞানের ছাত্রছাত্রীকে হল ত্যাগ করার নির্দেশ দেন এবং বাইরে অপেক্ষা করার পরামর্শ দেন। কিছুক্ষণ পর প্রশ্নপত্র পাওয়া গেলে আমাদের পরীক্ষা নেওয়া হবে বলে আশ্বাস দেন কিন্তু ঐদিন প্রশ্নপত্র না থাকায় আমাদের পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয়নি। পরবর্তী দিবসে অর্থাৎ ১৮-১২-৮৮ ও ১৯-১২-৮৮ ইং তারিখে যথাক্রমে উক্ত বিষয়ে ২য় ও ৩য় পত্রের পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হয়েছে। কিন্তু প্রথম পত্রের পরীক্ষা অদ্যাবধি অনুষ্ঠিত হয়নি। ফলে আমরা এক অনিশ্চয়তার মধ্যে দিন অতিবাহিত করছি। ডিগ্রী পরীক্ষার মত একটি গুরুত্বপূর্ণ পরীক্ষায় যথাসময়ে প্রশ্নপত্র সরবরাহ না করায় যে জটিল অবস্থার সৃষ্টি হয়েছে তা সত্যিই অভাবনীয়।

অতএব, আমাদের পরীক্ষার বিষয়টি সহৃদয়তার সাথে বিবেচনা করে এর সুষ্ঠু সমাধানের জন্য সংশ্লিষ্ট সকল মহলের প্রতি বিনীত অনুরোধ জানাচ্ছি।

নকুল চন্দ্র দাস,
বি এ (পাস) পরীক্ষার্থী ১৯৮৮
রোলঃ দরগ্রাম নং-৫১৫৭৫।